

পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

৫২০/বাউবি/পরীক্ষা/স্নাতক(সম্মান)/ফলাফল/২০১৭/খন্ড-২/২৪২৮

তারিখ : ০৪ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক

ঢাকা আঞ্চলিক কেন্দ্র, বাউবি।

বিষয় : স্নাতক (সম্মান) এবং এলএলবি (অনার্স) প্রোগ্রামের পুনঃপরীক্ষার ফি জমাদান প্রসঙ্গে।

মহোদয়

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত স্নাতক (সম্মান) প্রোগ্রামের সমাজতত্ত্ব, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামিক স্টাডিজ, বাংলা ভাষা ও সাহিত্য এবং এলএলবি (অনার্স) বিষয়ের ২৩২ টার্ম (২য় সিমেন্টার), ২৩১ টার্ম (৩য় সিমেন্টার) এবং ২২২ টার্ম (৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম সিমেন্টার) -এর পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত হারে পুনঃপরীক্ষার ফি জমা দিয়ে ব্যাংক রশিদসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২৮/১০/২০২৪। আঞ্চলিক কেন্দ্র হতে পুনঃপরীক্ষার্থীদের তালিকা এমএস এক্সেল -এ তৈরী করে আগামী ৩০/১০/২০২৪ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। তালিকার একটি সফট কপি পরীক্ষা বিভাগের exam.sshl@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য, “রেজিস্ট্রেশন মেয়াদের মধ্যে একজন শিক্ষার্থী কোনো কোর্সে পরপর তিনটি টার্মের পরীক্ষায় অকৃতকার্য হলে অথবা অনুপস্থিত থাকলে পরবর্তী টার্মের পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাকে রেগুলেশন অনুযায়ী রেজিস্ট্রেশন ফি, কোর্স ফি, পরীক্ষার ফি ও সিমেন্টার মার্কসীট ফি প্রদান করতে হবে”।

এ বিষয়টি শিক্ষার্থীদের অবহিতকরণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ।

(মোঃ হাবিবুল্যাহ মাহামুদ)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
ডায়েরী নং.....	২৭০৩
তারিখঃ.....	২০/১০/২৪
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/ সহঃ প্রোগ্রামার/ASANA	
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME	
সহঃ পরিচালক/সহকারী প্রোগ্রামার/AHME	

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব পেজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

Phone: 996691105

e-mail: controller@bou.ac.bd.